সমকাল

তারিখ ৩০ MAR 2017
পৃষ্ঠা ১৯ কলাম ৬

# স্কুল-মাদ্রাসায় স্টুডেন্ট কেবিনেট নির্বাচন আজ

■ সমকাল প্রতিবেদক

কৈশোর থেকে গণতন্ত্র চর্চা এবং পরিবেশ উন্নয়ন কর্মকাণ্ডে শিক্ষার্থীদের যুক্ত করতে দেশের মাধ্যমিক স্তরের স্কুল-মাদ্রাসায় আজ বৃহস্পতিবার স্টুডেন্ট কেবিনেট নির্বাচন অনুষ্ঠিত হবে। গতকাল বুধবার ■ পৃষ্ঠা ১৭ : কলাম ৪

## স্কুল-মাদ্রাসায় স্টুডেন্ট

[১৯ পৃষ্ঠার পর]

সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে এর বিভিন্ন দিক তুলে ধরেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। প্রাথমিক বিদ্যালয়ে ২০১০ সাল থেকে স্টুডেন্টস কাউন্সিল গঠন করা হলেও মাধ্যমিক স্তরে ২০১৫ সাল থেকে কিশোর শিক্ষার্থীদের মন্ত্রিসভা গঠনে এ নির্বাচন হচ্ছে। শিক্ষামন্ত্রী জানান, আজ সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত বিরতিহীনভাবে ১৬ হাজার ৫০৭টি মাধ্যমিক বিদ্যালয় এবং ৬ হাজার ৪০২টি দাখিল মাদ্রাসায় এ নির্বাচন হবে। নির্বাচনে এক লাখ ৮৩ হাজার ২৭২টি পদের জন্য ২ লাখ ৭১ হাজার ২৯৯ শিক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করবে। ভোট দেবে ১ কোটি ৩ লাখ ৯৮ হাজার ৫৫১ শিক্ষার্থী।

নির্বাচনে নির্বাচন কমিশনার, প্রিসাইডিং কর্মকর্তা, পোলিং অফিসারসহ শৃঙ্খলা রক্ষার দায়িত্বও থাকবে শিক্ষার্থীদের ওপর। শিক্ষক, পরিচালনা পর্ষদ এবং অভিভাবকরা শিক্ষার্থীদের সহযোগিতা করবেন। ষষ্ঠ থেকে দশম শ্রেণির সব শিক্ষার্থীই ভোটার জানিয়ে নাহিদ বলেন, ভোটার তালিকাভুক্ত যে কোনো শিক্ষার্থী নির্বাচনে প্রার্থী হতে পেরেছে।

মন্ত্রী আরও জানান, প্রত্যেক ভোটার প্রত্যেক শ্রেণিতে একটি, সর্বোচ্চ তিন শ্রেণিতে আরও একটি করে মোট ৮টি ভোট দিতে পারবে। প্রত্যেক শ্রেণি থেকে একজন করে পাঁচটি শ্রেণি (ষষ্ঠ-দশম) থেকে ৫ জন ও পরবর্তী সর্বোচ্চ ভোট পাওয়া তিন শ্রেণির তিনজনকে নিয়ে এক বছরের জন্য ৮ সদস্যের মন্ত্রিসভা হবে। নির্বাচন অনুষ্ঠানের পরবর্তী সাত দিনের মধ্যে প্রধান নির্বাচন কমিশনারের সভাপতিত্বে প্রথম বৈঠকে বসবে কিশোর শিক্ষার্থীদের মন্ত্রিসভা। বৈঠকে 'কেবিনেটপ্রধান' নিজেদের মধ্যে কর্মবণ্টন, সহযোগী সদস্য মনোনয়ন এবং সারা বছরের কর্মপরিকল্পনা করবে।

কুমিল্লা ও সুনামগঞ্জের চারটি উপজেলায় ৩০ মার্চ নির্বাচনের দিন থাকায় ওই সব ইউনিয়নে ৮ এপ্রিল স্টুডেন্ট কাউন্সিল নির্বাচন হবে। সংবাদ সম্মেলনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব সোহরাব হোসাইন, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মো. আলমগীর ও ব্যানবেইস পরিচালক ফসিহউল্লাহ উপস্থিত ছিলেন।